

দলীয় ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধের দাবিতে জাবিতে বিক্ষোভ মিছিল

জাহাঙ্গীরনগর
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১৮ আগস্ট,
২০২৪ ১৯:১৯

শেয়ার

অ +

অ -



দলীয় ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধের দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিক্ষোভ। ছবি : কালের কণ্ঠ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দলীয় ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের রাজনীতি বন্ধের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন বৈষম্যবিরোধী ছাত্র

আন্দোলনের ব্যানারে শিক্ষক-শিক্ষার্থীরা।

রবিবার (১৮ আগস্ট) বিকাল সাড়ে ৪ টায় বিক্ষোভ মিছিলটি শহীদ মিনার থেকে শুরু হয়ে বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের বটতলায় গিয়ে শেষ হয়। পরে তারা সেখানে সমাবেশ করেন।

সংক্ষিপ্ত সমাবেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আহসান লাবিবের সঞ্চালনায় বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক আহসান ইমাম।

তিনি বলেন, ‘যে শিক্ষকরা হত্যার রাজনীতি করে, সেই রাজনীতি বিশ্ববিদ্যালয়ে চাই না। এখানে কোনো ধরনের রাজনৈতিক কর্মকান্ড চলবে না। আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর যেদিন হামলা চালানো হয়েছিল সেদিন আমিও আহত হয়েছিলাম। কিন্তু এতদিন আমাকে বিভিন্নভাবে হুমকি দেওয়া হয়েছিল বলে চুপ ছিলাম।

সাধারণ শিক্ষার্থীরা যা বলে, ছাত্র সংসদ যা বলবে এই কমিউনিটির সবাই সেভাবে চলবে।’

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে জাবি শাখার অন্যতম সমন্বয়ক আব্দুর রশিদ জিতু বলেন, ‘জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় নামে শতভাগ আবাসিক হল থাকলেও বাস্তবে আবাসিক রূপ ধারণ করতে পারেনি। এর কারণ ছিল সরকারের দালাল ছাত্রলীগ। ছাত্রলীগের নেতাকর্মীরা আমাদের মতো সাধারণ শিক্ষার্থীদেরকে একটি বছর গণরুমে রেখে আমাদের স্বপ্নগুলো শেষ করে দিত।

আমরা ছাত্র-জনতা এক হয়ে যদি ওই স্বৈরাচারী সরকারকে হটতে না পারতাম তাহলে আরও যুগ যুগ ধরে তাদের অত্যাচার সহ্য করতে হতো।’